# Business Squad

পরীক্ষার নাম: Accounting Subject Test-02
সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 20 টি | মোট নম্বর: 20 × 1 = 20
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) নিচের কোন হিসাব সমূহের সাধারণত ডেবিট ব্যালেন্স হয়? (Accounting)
A). সম্পদ, খরচ এবং আয়
B). সম্পদ, খরচ এবং মূলধন
C). সম্পদ, দায় এবং মালিকের উত্তোলন
D). সম্পদ, মালিকের উত্তোলন এবং খরচ
আপনার উত্তরঃ D). সম্পদ, মালিকের উত্তোলন এবং খরচ,
সঠিক উত্তরঃ D). সম্পদ, মালিকের উত্তোলন এবং খরচ,

2) কোনটি বিপরীত সম্পত্তি নয়? (Accounting)
A). পুঞ্জীভূত অবলোপন
B). বিক্রয় মূল্যের ছাড়
C). পুঞ্জীভূত শূন্যকরণ
D). পুঞ্জীভূত অবচয়
আপনার উত্তরঃ D). পুঞ্জীভূত অবচয়,
সঠিক উত্তরঃ B). বিক্রয় মূল্যের ছাড়,

3) এবিসি কোম্পানির বৎসরের প্রারম্ভে মোট সম্পত্তি ও দায় ছিল যথাক্রমে ৮,০০,০০০ টাকা এবং ৫,০০,০০০ টাকা। যদি সংশ্লিষ্ট বৎসরে সম্পত্তি ১,৫০,০০০ টাকা বৃদ্ধি পায় এবং দায় ৮০,০০০ টাকা হ্রাস পায় তবে বৎসর শেষে মালিকানা স্বত্ব কত হবে? (Accounting)
A). ৬,৩০,০০০ টাকা
B). ৪,৩০,০০০ টাকা
C). ৫,২০,০০০ টাকা
D). ৫,৩০,০০০ টাকা
আপনি এই প্রশ্নের উত্তর দেননি
সঠিক উত্তরঃ D). ৫,৩০,০০০ টাকা,

4) নিচের কোনটি হিসাব চক্রের একটি ধাপ নয়? (Accounting)
A). নির্বাচন
B). লিপিবদ্ধকরণ
C). যাচাইকরণ
D). শ্রেণিকরণ
আপনার উত্তরঃ A). নির্বাচন,
সঠিক উত্তরঃ C). যাচাইকরণ,

5) সকল সম্পদ ডেবিট ও সকল দায় ক্রেডিট হলে জাবেদাটির ধরন কিরূপ? (Accounting)
A). প্রারম্ভিক দাখিলা
B). সমাপনী দাখিলা
C). স্থানান্তর দাখিলা
D). সমন্বয়ী দাখিলা
আপনার উত্তরঃ D). সমন্বয়ী দাখিলা,
সঠিক উত্তরঃ A). প্রারম্ভিক দাখিলা,

Business Squad

6) নগদান বইয়ের নগদ কলামে ক্রেডিট অংশে ২০০ টাকার জের থাকলে আমরা মনে করবো (Accounting)
A). আমরা যা পেয়েছি তার চাইতে ২০০ টাকা বেশি ব্যয় করেছি
B). আমাদের হাতে নগদ ২০০ টাকা রয়েছে
C). হিসাবরক্ষক ভুল করেছে
D). কেহ নগদ ২০০ টাকা চুরি করেছে
আপনার উত্তরঃ C). হিসাবরক্ষক ভুল করেছে,
সঠিক উত্তরঃ C). হিসাবরক্ষক ভুল করেছে,

7) কোন হিসাবটি হিসাব বছরের শেষে বন্ধ করে দেওয়া হয়? (Accounting)
A). মূলধন
B). আসবাবপত্র
C). চলতি সম্পদ
D). উত্তোলন
আপনার উত্তরঃ C). চলতি সম্পদ,
সঠিক উত্তরঃ D). উত্তোলন,

8) ১২,৮০০ টাকার বেতন হিসাবের বইতে লেখা হয়েছে ১৮,২০০ টাকা। সংশোধনী এন্ট্রি টাকায় হবে (Accounting)
A). বেতন Dr. ১৮,২০০ / ক্যাশ Cr. ১৮,২০০
B). ক্যাশ Dr. ১২,৮০০ / বেতন Cr. ১২,৮০০
C). বেতন Dr. ৫,৪০০ / ক্যাশ Cr. ৫,৪০০
D). ক্যাশ Dr. ৫,৪০০ / বেতন Cr. ৫,৪০০
আপনার উত্তরঃ A). বেতন **Dr.** ১৮,২০০ / ক্যাশ **Cr.** ১৮,২০০,
সঠিক উত্তরঃ D). ক্যাশ **Dr.** ৫,৪০০ / বেতন **Cr.** ৫,৪০০,

9) ধারে বিক্রয় ৬০০ টাকা বিক্রয় হিসাব ও দেনাদার হিসাবে ক্রেডিট করা হয়েছে। এর প্রভাব কী? (Accounting)
A). দেনাদার হিসাবের জের ১,২০০ টাকা কম হয়েছে
B). দেনাদার হিসাবের জের ৬০০ টাকা কম হয়েছে
C). বিক্রয় ১,২০০ টাকা বেশি ধরা হয়েছে
D). বিক্রয় ৬০০ টাকা বেশি ধরা হয়েছে
আপনার উত্তরঃ A). দেনাদার হিসাবের জের ১,২০০ টাকা কম হয়েছে,
সঠিক উত্তরঃ A). দেনাদার হিসাবের জের ১,২০০ টাকা কম হয়েছে,

10) কোন জাতীয় সম্পত্তির উপর সাধারণত অবচয় ধার্য করা হয় না? (Accounting)
A). ফ্রি হোল্ড ভূমি
B). দালান কোঠা
C). লিজ হোল্ড সম্পত্তি
D). আসবাবপত্র
আপনার উত্তরঃ B). দালান কোঠা,
সঠিক উত্তরঃ A). ফ্রি হোল্ড ভূমি,

Business Squad

11) ২০০১ সালের ১ জানুয়ারি ৭৫,০০০ টাকার একটি প্লান্ট ক্রয় করা হয় যার আয়ুষ্কাল ৫ বছর এবং সম্ভাব্য উদ্ধারমূল্য ৭,৫০০ টাকা। বর্ষ সংখ্যা সমষ্টি পদ্ধতি অনুসারে ২০০৩ সালের অবচয় কত? (Accounting)
A). ১৩,০০০ টাকা
B). ১৪,০০০ টাকা
C). ১৩,৫০০ টাকা
D). ১৫,০০০ টাকা
আপনার উত্তরঃ C). ১৩,৫০০ টাকা,
সঠিক উত্তরঃ C). ১৩,৫০০ টাকা,

12) স্থায়ী সম্পত্তি ক্রয় ৫০০০ টাকা এবং এর **accumulated depreciation 3000** টাকা, যদি ২০% হারে অবচয় এবং **residual value 500** টাকা ধরা হয়,তাহলে এ বছরের অবচয় কত হবে, যদি **reducing balance mathod** ব্যবহৃত হয়? (Accounting)
A). ৬০০ টাকা
B). ২০০০ টাকা
C). ৩০০ টাকা
D). ৪০০ টাকা
আপনার উত্তরঃ B). ২০০০ টাকা,
সঠিক উত্তরঃ D). ৪০০ টাকা,

13) জানুয়ারি ১ তারিখে প্রারম্ভিক সাপ্লাইজ ৩৫০ টাকা, সাপ্লাইজ ক্রয় ৬৭৫ টাকা, সমাপনী সাপ্লাইজ ২৫০ টাকা হলে, সাপ্লাইজ ব্যয় টাকায় কত? (Accounting)
A). ১,০২৫ টাকা
B). ১,২৭৫ টাকা
C). ৭৫ টাকা
D). ৭৭৫ টাকা
আপনার উত্তরঃ B). ১,২৭৫ টাকা,
সঠিক উত্তরঃ D). ৭৭৫ টাকা,

14) অবচয়ের জন্য সমন্বয় জাবেদা না করা হলে কোনটি সত্য হবে? (Accounting)
A). সম্পত্তি কম দেখাবে
B). মালিকানা স্বত্ব কম দেখাবে
C). ব্যয় বেশি দেখাবে
D). ব্যয় কম দেখাবে
আপনার উত্তরঃ A). সম্পত্তি কম দেখাবে,
সঠিক উত্তরঃ D). ব্যয় কম দেখাবে,

15) সমন্বয় লিখনের উদাহরণ হলো (Accounting)
A). উদ্ভূত মজুরি পরিশোধ
B). সুদ উদ্ভূত হওয়া
C). অগ্রিম ভাড়া প্রদান
D). উপরের সবই
আপনার উত্তরঃ B). সুদ উদ্ভূত হওয়া,
সঠিক উত্তরঃ B). সুদ উদ্ভূত হওয়া,

Business Squad

16) . একটি প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা যা থেকে জানা যায় (Accounting)
A). নগদ প্রবাহ বিবরণী
B). উদ্বর্তপত্র
C). মালিকানা স্বত্ব বিবরণী
D). লাভ-লোকসান হিসাব
আপনার উত্তরঃ C). মালিকানা স্বত্ব বিবরণী,
সঠিক উত্তরঃ B). উদ্বর্তপত্র,

17) নিচের তথ্য হতে নিট মুনাফা বের কর নগদান ৬,০০০ টাকা, বিক্রয় ১,৪৩,০০০ টাকা, অবচয় ব্যয় ৪,০০০ টাকা, লভ্যাংশ ৩,০০০ টাকা, অগ্রিম ভাড়া ১,৪০০ টাকা, ভাড়া খরচ ৩,৬০০ টাকা, বিক্রীত পণ্যের মূল্য ৬৯,০০০ টাকা, মজুরি খরচ ৪১,০০০ টাকা। (Accounting)
A). ২২,৪০০ টাকা
B). ২৩,৮০০ টাকা
C). ২৫,৪০০ টাকা
D). কোনোটিই নয়
আপনার উত্তরঃ B). ২৩,৮০০ টাকা,
সঠিক উত্তরঃ D). কোনোটিই নয়,

18) সাধারণভাবে নিট সম্পত্তি ধারণাটি চিহ্নিত করে (Accounting)
A). একটি কোম্পানির সংরক্ষিত আয়
B). চলতি সম্পত্তি বাদ চলতি দায়
C). কর্পোরেশনের মোট পরিশোধিত মূলধন
D). মোট সম্পত্তি হতে মোট দায় বাদ
আপনার উত্তরঃ B). চলতি সম্পত্তি বাদ চলতি দায়,
সঠিক উত্তরঃ D). মোট সম্পত্তি হতে মোট দায় বাদ,

19) কোন খরচটির জন্য নগদ অর্থ ব্যয় হয় না? (Accounting)
A). বেতন
B). ভাড়া
C). বিমা প্রিমিয়াম
D). অবলোপন
আপনার উত্তরঃ C). বিমা প্রিমিয়াম,
সঠিক উত্তরঃ D). অবলোপন,

20) IAS-৭ অনুসারে নগদ প্রবাহ বিবরণী প্রস্তুতে কয়টি তথ্য প্রয়োজন? (Accounting)
A). ১টি
B). ২টি
C). ৩টি
D). ৪টি
আপনার উত্তরঃ C). ৩টি,
সঠিক উত্তরঃ C). ৩টি,

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।